# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**14 AUGUST 2025 7:45—7:55 PM IST**

---

(১) ৭৯তম স্বাধীনতা দিবসের প্রাক সন্ধ্যায় রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর দেশবাসীকে সম্বোধন/

(২) সমগ্র দেশের সঙ্গে বরাক উপত্যকায়ও আগামীকাল স্বাধীনতা দিবসের কার্যসূচী/ আজ 'হর ঘর তিরঙ্গা' কার্যসূচীতে স্বতোস্ফূর্ত অংশগ্রহণ/

(৩) স্বাধীনতা দিবসের সঙ্গে সঙ্গতি রেখে রাষ্ট্রপতির পুলিশ পদকসমূহ ঘোষণা/ কাছাড়ের সিনিয়র পুলিশ সুপার নোমাল মাহাত্তা সহ আরো দুই আধিকারিককে কেন্দ্রীয় সরাষ্ট্র মন্ত্রকের স্বীকৃতি/

এবং

(৪) শিলচর মেডিকেল কলেজ হাসপাতালের ডায়ালাইসিস ইউনিট ভাঙচুরের ঘটনা জড়িত সন্দেহে দুজনকে গ্রেপ্তার/

---------------------------------------------------------------------------------

ন্যায় , স্বাধীনতা , সমতা এবং সৌভ্রাতৃত্ব এই ৪টি স্তম্ভের ওপর ভিত্তি করেই ভারতের গণতান্ত্রিক পরিকাঠামো শক্তিশালী রূপ পেয়েছে বলে রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুর্মু মন্তব্য করেছেন । স্বাধীনতা দিবসের প্রাক সন্ধ্যায় আজ জাতির উদ্দেশ্যে ভাষণ প্রদান করার সময় রাষ্ট্রপতি এই মন্তব্য করে বলেন যে এক জন ব্যক্তির ব্যক্তিত্ব বিকাশের ক্ষেত্রে এই ৪টি সাংবিধানিক মূল্যবোধ বিশেষ ভাবে প্রভাব বিস্তার করে । এই তাৎপর্য উপলব্ধি করেই সংবিধান নির্মাতারা আমাদের সংবিধানে এই মূল্যবোধগুলি সর্বোচ্চ স্থানে রেখে গেছেন ।

স্বাস্থ্য সেবা এবং শিক্ষা গ্রহণের ক্ষেত্রে সবাইকে সমান সুযোগ না করলে গণতান্ত্রিক পরিকাঠামো সফল হতে পারে না বলে উল্লেখ করে শ্রীমতী মুর্মু বলেন যে দেশের প্রত্যন্ত অঞ্চলে বসবাসরত জনসাধারণ যারা দীর্ঘদিন থেকে স্বাস্থ্য এবং শিক্ষা গ্রহণের অধিকার থেকে বঞ্চিত রয়েছেন তাদের সমাজ জীবনের মূল স্রোতে ফিরিয়ে আনতে সরকারের দ্রুত ব্যবস্থা গ্রহণ করা উচিৎ বলেও তিনি মন্তব্য করেন । রাষ্ট্রপতি বলেন যে ভারত দৃঢ়তার সঙ্গে আত্মনির্ভর দেশ গঠনের পথে দ্রুত অগ্রসর হচ্ছে। অর্থনৈতিক ক্ষেত্রে আমাদের অগ্রগতি স্পষ্টরূপ পাচ্ছে বলে উল্লেখ করে বলেন যে গত কয়েকবছর ভারতের মোট ঘরোয়া উৎপাদন সাড়ে ৬ শতাংশ বৃদ্ধি পেয়েছে আশার আলো সঞ্চারিত করেছে।

---

সমগ্র দেশের সঙ্গে বরাক উপত্যকার তিন জেলায়ও আগামীকাল বিভিন্ন কার্য্যসূচীর মাধ্যমে ৭৯তম স্বাধীনতা দিবস পালন করা হবে ।

কাছাড় জেলা প্রশাসনের উদ্যোগে এবছর স্বাধীনতা দিবসের জেলা পর্যায়ের কেন্দ্রীয় অনুষ্ঠান শিলচরের জেলা ক্রীড়া সংস্থার মাঠে অনুষ্ঠিত হবে । রাজ্যের খাদ্য ,গণবন্টন , গ্রাহক পরিক্রমা ও বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই সকাল ৯টায় জাতীয় পতাকা উত্তোলন করবেন ।

এদিকে রাজ্যের মৎস্য , পশুপালন ও পশু চিকিৎসা বিভাগের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল আগামীকাল শ্রীভূমি সরকারী উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে সকাল ৯টায় জাতীয় পতাকা উত্তোলন করবেন । এদিন দেশাত্মবোধক সঙ্গীত প্রচার , প্রভাতফেরী , জাতীয় পতাকা সহ দৌড় , শহীদ বেদীতে মাল্যদান , কৃতি ছাত্র-ছাত্রীদের সংবর্ধনা , কারাগারের কয়েদি ও হাসপাতালের রোগীদের মধ্যে ফল-মিষ্টি বিতরনের মাধ্যমে স্বাধীনতা দিবস পালন করা হবে ।

হাইলাকান্দি জেলায় স্বাধীনতা দিবসের জেলা পর্যায়ের মূল অনুষ্ঠান শহরের নেতাজী সুভাষ চন্দ্র বসু স্টেডিয়ামের মাঠে অনুষ্ঠিত হবে । জেলা আয়ুক্ত অভিষেক জৈন সকাল ৯টায় জাতীয় পতাকা উত্তোলন করবেন । এরপর সমবেত কুচকাওয়াজ , সাংস্কৃতিক অনুষ্ঠান এবং সরকারী অনুদান বন্টনের কার্যসূচী রয়েছে । জেলার সবকটি রাজস্ব চক্র কার্যালয় এবং উন্নয়ন খন্ড কার্যালয়ে অনুরূপভাবে স্বাধীনতা দিবস পালন করা হবে ।

-----------------------------------------------------------------------------------------

কাছাড় ক্যান্সার হাসপাতাল ও রির্সাচ সেন্টারের উদ্যোগে দেশের ৭৯তম স্বাধীনতা দিবস উপলক্ষ্যে আজ কাবুগঞ্জ জনতা কলেজে স্বেচ্ছা রক্তদান শিবিরের আয়োজন করা হয় । আজকের রক্তদান শিবিরে মোট ২৫ জন স্বেচ্ছায় রক্ত দান করেন ।

-----------------------------------------------------------------------------------------

স্বাধীনতার ৭৯তম বর্ষ উদযাপনের প্রাক্কালে সমগ্র দেশে পালিত ‘হর ঘর তিরঙ্গা’ কার্যসুচীর অংশ হিসেবে আজ কাছাড় জেলা প্রশাসনের উদ্যোগে আজ এক বর্ণাঢ্য বাইক র্যালি ও পদযাত্রার আয়োজন করা হয়েছে । জেলার নাগরিকদের মধ্যে জাতীয় পতাকার মর্যাদা, ঐক্যের বার্তা এবং দেশপ্রেমের চেতনা আরও গভীরভাবে পৌঁছে দেওয়ার উদ্দেশ্যে এই কার্যসূচী গ্রহণ করা হয়। জেলা আয়ুক্তের কার্যালয় প্রাঙ্গণ থেকে আনুষ্ঠানিকভাবে এই র্যালির সূচনা করেন জেলা আয়ুক্ত মৃদুল যাদব, জেলার সিনিয়র পুলিশ সুপার নোমাল মাহাত্তা সহ অন্যান্য প্রবীণ আধিকারিকরা । শ্রী যাদব ও শ্রী মাহাত্তার নেতৃত্বে এই র্যালি শহরের প্রধান সড়কগুলি পরিক্রমা করে এবং রাস্তার দুপাশে দাঁড়িয়ে থাকা জনসাধারণ ত্রিবর্ণ পতাকা নেড়ে সবাইকে অভিবাদন জানান । জেলা আয়ুক্ত তার বক্তব্যে বলেন- ‘হর ঘর তিরঙ্গা’ কোনো সাধারণ প্রচার অভিযান নয়, এটি আমাদের জাতীয় গৌরব ও যৌথ দায়বদ্ধতার পুনঃপ্রতিশ্রুতি । প্রতিটি ঘরে জাতীয় পতাকা পৌঁছে দেওয়ার মাধ্যমে আমরা ঐক্যকে সুদৃঢ় করি এবং স্বাধীনতার জন্যে করা আত্মত্যাগকে শ্রদ্ধা জানাই বলে তিনি মন্তব্য করেছেন । পাশাপাশি জেলা আয়ুক্তের কার্যালয় থেকে আজ এক পদযাত্রা শহর পরিক্রমা করে । এতে আত্মনির্ভর গোষ্ঠী ও আসাম রাজ্য জীবিকা মিশনের সদস্যরা অংশগ্রহণ করেছেন ।

-----------------------------------------------------------------------------------------

আজ বিভাজন বিভীষিকা স্মৃতি দিবস । ভারতীয় জনতা পার্টির উদ্যোগে ১৯৪৭ সালের এই দিনটিতে দেশ বিভাজনের সময়ে সেসময়ের জনসাধারণের সম্মুখীন হওয়া অবর্ণনীয় যাতনা ও কষ্টের কথা স্মরণ করে এই দিবস পালন করা হয়েছে । এই উপলক্ষে দেশবাসী দেশভাগের সময়ে প্রাণ আহুতি দেওয়া এবং অকল্পনীয় কষ্টের সম্মুখীন হওয়া লোকেদের শ্রদ্ধা নিবেদন করেছেন । দেশের বিভিন্ন প্রান্তের সঙ্গে আসামেও এই দিবস উপলক্ষে বিভিন্ন কার্যসূচী অনুষ্ঠিত হয়েছে ।

বরাক উপত্যকার তিন জেলায়ও আজ এই দিবস উপলক্ষে নানা কার্যসূচী পালন করা হয়েছে । বিজেপির কাছাড় জেলা কমিটির ব্যবস্থাপনায় আজ এই দিবস উপলক্ষে শিলচরে দলীয় কার্যালয় থেকে এক মৌন মিছিল শহরের বিভিন্ন সড়ক পরিক্রমা করে । এতে রাজ্যের মন্ত্রী কৌশিক রাই, দুই সাংসদ- পরিমল শুক্লবৈদ্য ও কণাদ পুরকায়স্থ, দুই বিধায়ক দীপায়ন চক্রবর্তী ও মিহির কান্তি সোম সহ বিজেপির বহু প্রবীণ নেতা

অংশ নেন। বিভাজন বিভীষিকা স্মৃতি দিবস উপলক্ষে বিজেপির শ্রীভূমি জেলা কমিটির পক্ষ থেকেও আজ মৌন মিছিলের আয়োজন করা হয়েছে। এই দিবস উপলক্ষে পুরনো দিনের কথা স্মরণ করে দলীয় কার্যালয়ে এক প্রদর্শনীর আয়োজন করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

রাজ্যের খাদ্য ,গণবন্টন ,গ্রাহক পরিক্রমা ও বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই আজ শিলচর গুরুচরণ বিশ্ববিদ্যালয়ে রুশা টু পয়েন্ট জিরো প্রকল্পের অধীনে নির্মিত বিষ্ণু চরণ দে পুরকায়স্থ স্মৃতি ভবনের নাম ফলকের উন্মোচন ও ভবনটির দ্বার উদঘাটন করেন । অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে মন্ত্রী শ্রী রাই বলেন যে প্রাথমিকভাবে মঞ্জুরীকৃত ১০ কোটি টাকা আগামী ১৫ই সেপ্টেম্বরের মধ্যে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে দেওয়া হবে এবং তিনি খুব শীঘ্রই এই বিশ্ববিদ্যালয়কে পূর্নাঙ্গ রূপ দেওয়ার আশ্বাস দিয়েছেন । অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক নিরঞ্জন রায় , বিধায়ক দীপায়ন চক্রবর্তী , কাছাড় কলেজের অধ্যক্ষ ডক্টর অপ্রতিম নাগ প্রমূখ বক্তব্য রাখেন ।

---------------------------------------------------------------------------------

স্বাধীনতা দিবসের সঙ্গে সঙ্গতি রেখে রাষ্ট্রপতি পুলিশ পদকসমূহ ঘোষণা করা হয়েছে । এ বছর অগ্নি নির্বাপন , গৃহরক্ষী এবং অসামরিক প্রতিরক্ষা সেবার মোট ১ হাজার ৯০ জন কর্মীকে এই পদক প্রদান করা হয়েছে । এই পদক প্রাপকদের মধ্যে আসামের মোট ১৭ জন পুলিশ কর্মী রয়েছেন । পুলিশ আয়ুক্ত পার্থ সারথি মহন্তকে উৎকৃষ্ট সেবার জন্য রাষ্ট্রপতি পুলিশ পদক প্রদান করা হয়েছে । পুলিশ সুপার গৌরব অভিজিৎ দিলীপ , মহকুমা পুলিশ আধিকারিক হেমন্ত কুমার বড়ো এবং কনষ্টেবল অখিল রঞ্জন দাস সাহসিকতা পুলিশ পদক লাভ করেছেন । একইভাবে পুলিশ মহাপরিদর্শক সংযুক্তা পরাশর , পুলিশ মহাপরিদর্শক বিবেক রাজ সিং , কামান্ডেন্ট জয়শ্রী খেরসা , পুলিশ সুপার হৃদয়জিৎ বর্মন , কামান্ডেন্ট দেবাশীষ বরা , কামান্ডেন্ট টাবুরাম পেগু , উপ-পুলিশ সুপার নির্মল চন্দ্র বিশ্বাস , পুলিশ পরিদর্শক ললিত শইকীয়া , উপ-পরিদর্শক অখিল কুমার দাস , পরিদর্শক দ্রুব সরকি , সহকারী কামান্ডেন্ট নবীন চন্দ্র শর্মা এবং উপ-পরিদর্শক রবীন্দ্র সিনহা বিশেষ সেবার জন্য পুলিশ পদক লাভ করেছেন ।

---------------------------------------------------------------------------------

কাছাড়ের সিনিয়র পুলিশ সুপার নোমাল মাহাত্তাকে মেরিটরিয়াস সার্ভিস মেডেল, স্বরাষ্ট্র মন্ত্রকের স্বীকৃতি অসাধারণ পুলিশিং ও নেতৃত্বের সম্মান প্রদান করা হয়েছে । এছাড়াও , ষষ্ঠ আসাম পুলিশ বেটেলিয়ান কাঠালের দুই আধিকারিক অ্যাসিস্টান্ট কামান্ডেন্ট নবীন চন্দ্র শর্মা এ বি এস আই রবীন্দ্র সিংহকে তাদের কৃতিত্বপূর্ণ সেবার জন্য

পুরষ্কৃত করা হয়েছে ।  পুরষ্কার ঘোষণার পর প্রতিক্রিয়া ব্যাক্ত করে শ্রী মাহাত্তা বলেন যে এই পদক মূলত কাছাড় পুলিশের যৌথ সাফল্যের স্বিকৃতি । তিনি বিশেষ করে স্বরাষ্ট্র মন্ত্রককে ধন্যবাদ জানিয়ে এই সম্মান কাছাড়ের প্রত্যেক পুলিশ কর্মীর উদ্দেশ্যে উৎসর্গ করেন । উল্লেখ্য যে দায়িত্ব গ্রহণের পর থেকে শ্রী মাহাত্তা লক্ষ্যভিত্তিক অপরাধ নিয়ন্ত্রণ কৌশল বাস্তবায়ন , গোয়েন্দা নেটওয়ার্ক শক্তিশালী করা  এবং জনগণের সঙ্গে পুলিশের সম্পর্ক দৃঢ় করতে বিভিন্ন সচেতনতা মূলক কর্মসূচি চালু করেছেন ।

আসাম পুলিশ বেটেলিয়ান কাঠালের অ্যাসিস্টান্ট কামানডেন্ট নবীন চন্দ্র শর্মা আইন-শৃঙ্খলা রক্ষা ও সীমান্তবর্তী প্রত্যন্ত এলাকার বর্ডার আউটপোষ্ট প্লাটুনের তত্বাবোধনে তার নিষ্ঠা ও দক্ষতা উচ্চ প্রশংসা পেয়েছে । দীর্ঘ কর্ম জীবনে তিনি মোট ৯৮টি পুরষ্কার ও প্রশংসাপত্র পেয়েছেন, যার মধ্যে ২০০২ সালে ভারতের রাষ্ট্রপতির পক্ষ থেকে প্রাপ্ত স্বাধীনতার সোনালী জয়ন্তী পদক অন্যতম ।

এ বি এস আই রবীন্দ্র সিংহের রিজার্ভ অফিসার হিসেবে তার প্রশাসনিক দক্ষতা , নিয়মানুবর্তিতা এবং দ্রুত সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা বিশেষভাবে প্রশংসা পেয়েছে । কর্মজীবনে তিনি ৭৩ বার আর্থিক পুরষ্কার ও ৩টি প্রশংসাপত্র অর্জন করেছেন ।

---------------------------------------------------------------------------------------

শিলচর মেডিকেল কলেজ হাসপাতালের ডায়ালাইসিস ইউনিট ভাঙচুরের ঘটনায় জড়িত সন্দেহে পুলিশ দুজনকে আটক করেছে। কাছাড়ের সিনিয়র পুলিশ সুপার নোমাল মাহাত্তা জানিয়েছেন যে- গ্রেফতার হওয়া ওই দুজন হলেন- মেডিকেল কলেজের ১৯ বছরের সাফাই কর্মী সুমির উদ্দিন আনসারী এবং ডায়ালাইসিস ইউনিটের টেকনিশিয়ান ২৮ বছর বয়সের আলমগীর মিঞা । গ্রেফতার করে ঐ দুই ব্যক্তিকে আদালতে পাঠানো হয়েছে । এবং এরপর তাদের পুলিশী হেফাজতে নিয়ে যাওয়া হয়েছে । পুলিশী জিজ্ঞাসাবাদে তারা হামলার কথা স্বীকার করেছে বলে শ্রী মাহাত্তা জানিয়েছেন । ডায়ালাইসিস ইউনিটে সক্রিয় একটি দালাল চক্র রোগীদের কাছ থেকে অর্থ আদায় করতো বলে জানিয়ে তিনি বলেন- এই চক্রের আভ্যন্তরীণ সংঘাত থেকেই এই হামলার ঘটনা সংঘটিত হয়েছে বলে প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে ।

উল্লেখ্য- পুলিশী তদন্তে জানা গেছে যে- গত রবিবার রাতে মেডিকেল কলেজের তিনতলার ডায়ালাইসিস ইউনিটে সি সি টিভি না থাকার সুযোগে তারা সেখানে ভাঙচুর চালায় । এই হামলায় মোট আটটি ডায়ালাইসিস মেশিন, রোগীর বিছানা, একাধিক কম্পিউটার, চিকিৎসার অন্যান্য সরঞ্জাম ও আসবাবপত্রের ক্ষতি হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

ধলাই-র বেসরকারী স্বেচ্ছাসেবী সংগঠন মাতৃভূমি ক্লাবের উদ্যোগে আয়োজিত মাতৃভূমি কাপ প্রাইজমানী ফুটবল প্রতিযোগিতার আজকের খেলায়  লোকনাথপুর এফ সি ৮-০ গোলের বিশাল ব্যবধানে রাজনগর এফ সি-কে পরাজিত করেছে । বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বহুমুখী বিদ্যালয়ের খেলার আয়োজিত প্রতিযোগিতার আগামীকালের খেলায় আর্জানপুর এফ সি ও শালগঙ্গা এফ সি পরস্পরের মুখোমুখি হবে ।

-----------------------------------------------------------------------------------